SMC
এসএমসি
উন্নত জীবন

একটি ত্রৈমাসিক প্রকাশনা
এসএমসি বার্তা
SMC News
A Quarterly Publication

সংখ্যা: ৫১
অক্টোবর - ডিসেম্বর ২০২৪
Issue: 51
October - December 2024

# Corporate News

## এসএমসি এবং এসএমসি ইএল-এর বার্ষিক সাধারণ সভা

### সোশ্যাল মার্কেটিং কোম্পানী (এসএমসি)-এর বার্ষিক সাধারণ সভা

সোশ্যাল মার্কেটিং কোম্পানী (এসএমসি)-এর ৩৬তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ২০২৪ সালের ডিসেম্বর মাসের ২৯ তারিখে ঢাকার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এসএমসি'র পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম। এজিএম-এ ২০২৩-২৪ অর্থবছরের পরিচালনা পর্ষদের প্রতিবেদন এবং নিরীক্ষকের প্রতিবেদন উপস্থাপন, গ্রহণ এবং অনুমোদন দেয়া হয়। এছাড়াও ২০২৪-২৫ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ দেয়া হয়।

সভায় কোম্পানীর সদস্যবৃন্দ, পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা (এমডি এন্ড সিইও) এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ

## Annual General Meetings of SMC and SMC EL

### AGM of Social Marketing Company (SMC)

The 36th Annual General Meeting (AGM) of SMC was held on December 29, 2024, at the Head office in Dhaka. The AGM was presided over by Mr. Waliul Islam, Chairman of the Board of Directors of SMC. During the AGM, the Directors' Report and Auditor's Report for the financial year 2023-24 were presented, adopted and ratified. Auditor for the financial year 2024-25 was also appointed. Company members, Directors, the Managing Director & Chief Executive Officer (MD & CEO) along with senior officials of the Company attended the meeting.

উপস্থিত ছিলেন। পরিবার পরিকল্পনা, মাতৃ ও শিশুস্বাস্থ্য, পুষ্টি, যক্ষ্মা, রেফারেল সার্ভিস এবং ক্লিনিক কার্যক্রমসহ এসএমসি'র বিভিন্ন কর্মসূচি সম্পর্কে এমডি এন্ড সিইও আলোকপাত করেন। তিনি ২০২৩-২৪ অর্থবছরের অর্জন এবং কর্মসূচির উল্লেখযোগ্য সাফল্যসমূহ তুলে ধরে বলেন, এসএমসি জনগণের স্বাস্থ্য উন্নয়নে কার্যকর ও উদ্ভাবনীমূলক পদক্ষেপ গ্রহণে প্রতিশ্রুতিবদ্ধ।

The MD & CEO highlighted activities of SMC on family planning, maternal and child health, nutrition, tuberculosis, referral services, and clinic operations. He highlighted key achievements and program performances for the financial year 2023-24 and emphasized the Company's commitment to improving public health through innovative and impactful

তিনি আশ্বাস দেন যে, পরিচালনা পর্ষদের দিক-নির্দেশনার আলোকে এসএমসি দীর্ঘমেয়াদি লক্ষ্য অর্জনের জন্য কৌশলগত কর্মসূচি বাস্তবায়ন অব্যাহত রাখবে যাতে বাংলাদেশের জনগণের জীবনমান উন্নত ও স্বাস্থ্যসম্মত হয়।

initiatives. He assured that under the guidance of the Board, SMC would continue implementing program strategies to achieve its long-term goals for improving the quality and healthier life of communities across Bangladesh.

**এসএমসি এন্টারপ্রাইজ লিমিটেড (এসএমসি ইএল)-এর বার্ষিক সাধারণ সভা**

একই দিনে অনুষ্ঠিত হয় এসএমসি ইএল-এর ১০তম বার্ষিক সাধারণ সভা (এজিএম)। সভায় ২০২৩-২৪ অর্থবছরের পরিচালনা পর্ষদের প্রতিবেদন এবং নিরীক্ষকের প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন করা হয় এবং ২০২৪-২৫ অর্থবছরের জন্য নিরীক্ষক নিয়োগ চূড়ান্ত করা হয়। সভায় সভাপতিত্ব করেন এসএমসি ইএল-এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব ওয়ালিউল ইসলাম। বোর্ডের পরিচালকবৃন্দ, শেয়ারহোল্ডারগণ এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

**AGM of SMC Enterprise Limited (SMC EL)**

On the same day, the 10th AGM of SMC EL was also held at the same venue. The AGM reviewed and ratified the Directors' Report and Auditor's Report for the financial year 2023-24 and finalized the appointment of auditor for the upcoming financial year 2024-25. The meeting was chaired by Mr. Waliul Islam, Chairman of the Board of Directors of SMC EL. The Board Directors, Shareholders and Managing Director (MD) of SMC EL along with the senior officials were present in the meeting.

এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক বিগত বছরের উল্লেখযোগ্য অর্জন, চ্যালেঞ্জ এবং আর্থিক প্রবৃদ্ধির সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করেন। তিনি এসএমসি ইএল-এর টেকসই ও লাভজনক প্রবৃদ্ধির কৌশলগত দৃষ্টিভঙ্গির ওপর গুরুত্বারোপ করেন। তিনি উল্লেখ করেন, কোম্পানী রিহাইড্রেশন, গর্ভনিরোধক, স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা, খাদ্য ও পানীয়, এবং ওষুধ সামগ্রীর বিদ্যমান পণ্য বিভাগকে আরও শক্তিশালী করার পাশাপাশি ব্যাপক বিপণন কার্যক্রম পরিচালনা করবে। উৎপাদন, বিক্রয় ও বিপণন কার্যক্রমে দক্ষতা বৃদ্ধির জন্য নতুন ধারণা ও কৌশল বাস্তবায়নের পরিকল্পনাও তিনি তুলে ধরেন।

ব্যবস্থাপনা দলের প্রশংসনীয় সাফল্যের জন্য কোম্পানীর সদস্য ও বোর্ডের পরিচালকবৃন্দ তাদের অভিনন্দন জানান এবং ২০২৪-২৫ অর্থবছরে উত্তরোত্তর সাফল্যের প্রত্যাশা ব্যক্ত করেন।

The Managing Director provided an overview of the significant achievements, challenges and financial growth of SMC EL over the past year. He emphasized the strategic focus of SMC EL on sustainable and profitable growth by strengthening its existing product categories and extensive marketing on rehydration, contraceptives, health & hygiene, food & beverage, and pharmaceutical products. He outlined plans to boost efficiency in manufacturing, sales, and marketing by introducing new ideas and strategies.

The Company Members and Board Directors applauded the management team for achieving commendable results during this critical period and expressed hope for success in FY 2024-25.

# এসএমসি'র ৫০তম বার্ষিকী উদযাপনে ক্যারাভান উদ্বোধন

গত পাঁচ দশক ধরে, এসএমসি জনস্বাস্থ্য পণ্য এবং সেবার মাধ্যমে একটি সুস্থ ও সমৃদ্ধ জাতি গঠনে নিবেদিত রয়েছে। পরিবার পরিকল্পনা, মাতৃ ও শিশু স্বাস্থ্য, পুষ্টি, কিশোর-কিশোরীদের স্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি, যক্ষ্মা, ক্লিনিক কার্যক্রম এবং অন্যান্য সামাজিক কল্যাণমূলক ক্ষেত্রে এসএমসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বর্তমানে, এসএমসি জনগণের কাছে অতি পরিচিত এবং বিশ্বস্ত একটি নাম হয়ে উঠেছে এবং বাংলাদেশের জাতীয় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মসূচিতে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। ২০২৫ সালে এসএমসি সফলভাবে তার ৫০ বছরের পথযাত্রা সম্পন্ন করেছে। এই গুরুত্বপূর্ণ মাইলফলক উদযাপনের লক্ষ্যে ২০২৪ সালের ডিসেম্বর মাসের ৩০ তারিখে এসএমসি টাওয়ার-২ থেকে 'এসএমসি ৫০তম বার্ষিকী ক্যারাভান' উদ্বোধন করা হয়।

সুসজ্জিত এই ক্যারাভানটি ঢাকার বিভিন্ন স্থানে ভ্রমণ করে যাতে মানুষ ও ব্যবসায়িক অংশীদারদের সঙ্গে এই আনন্দঘন মুহূর্ত ভাগ করে নেওয়া যায়। এই উদ্যোগটি শুধু এসএমসি'র সাফল্যকেই প্রতিফলিত করেনি বরং দীর্ঘদিনের অকুণ্ঠ সমর্থনের জন্য জনসাধারণের প্রতি কৃতজ্ঞতার প্রতীক হিসেবে কাজ করেছে। ক্যারাভানটিতে এসএমসি'র কিছু স্মরণীয় বিজ্ঞাপন প্রদর্শন, মজার ধাঁধা প্রতিযোগিতা এবং এসএমসি'র পণ্য ও সেবাসমূহ নিয়ে অভিজ্ঞতা বিনিময় করার সুযোগ রাখা হয়েছিল।

ক্যারাভানটি ২৫ জানুয়ারি, ২০২৫ পর্যন্ত ঢাকা শহরের বিভিন্ন এলাকায় সফর করে। এই বর্ণাঢ্য যাত্রার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তছলিম উদ্দিন খান এবং এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সায়েফ নাসির এবং উভয় প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। উদ্বোধনী অনুষ্ঠানে জনাব খান নারী, শিশু ও পরিবারের স্বাস্থ্য ও সার্বিক কল্যাণে এসএমসি'র সাফল্য ও তাৎপর্যপূর্ণ যাত্রার কথা তুলে ধরেন। জনাব নাসির ভবিষ্যতেও এই সাফল্যকে অব্যাহত রেখে সামনে অগ্রসর হওয়ার দৃঢ় প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

# Launch of Caravan to Celebrate 50th Anniversary of SMC

For the last five decades, SMC has been dedicated to building a healthier and happier nation through its diverse public health products and services, such as family planning, maternal and child health, nutrition, adolescent health & hygiene, tuberculosis, clinic operations and other socially beneficial areas. Now, SMC is a trusted name among the population and is making a significant contribution to National Health and Family Planning Program of Bangladesh. SMC successfully completed its 50-year journey in 2025. To mark this significant milestone, the 'SMC 50th Anniversary Caravan' was launched from the SMC Tower-2 on December 30, 2024.

The well decorated caravan traveled to various locations in Dhaka to share the joys of this celebration with the people and business partners alike. This initiative symbolized not only the success of SMC but also its heartfelt gratitude to the community for their unwavering support over the years. The caravan engaged customers through screenings of some iconic advertisements of SMC, a fun-filled puzzle challenge, and interactive opportunities to share their experiences about the products and services of SMC.

The caravan toured different areas of Dhaka city until January 25, 2025. The ceremony of this festive journey was inaugurated by Mr. Toslim Uddin Khan, MD & CEO of SMC and Mr. Sayef Nasir, MD of SMC EL along with senior officials from both Companies. During the ceremony, Mr. Khan highlighted impactful journey of SMC in promoting the well-being of women, children, and families. Mr. Nasir expressed his unwavering commitment to sustaining and advancing this successful journey in the years to come.

লক্ষ লক্ষ মানুষের ভালোবাসা এবং সমর্থনে এসএমসি এই উল্লেখযোগ্য মাইলফলক অর্জন করেছে। ভবিষ্যতের দিকে তাকিয়ে এসএমসি'র শুভাকাঙ্ক্ষীরা আশাবাদী যে প্রতিষ্ঠানটি নতুন উদ্যম ও অবিচল প্রতিশ্রুতির মাধ্যমে জাতির স্বাস্থ্য ও কল্যাণের জন্য আরও অর্থবহ পরিবর্তন সাধনে কাজ করে যাবে।

SMC has reached this remarkable milestone with love and support of millions of people. As the organization looks to the future, its well-wishers remain hopeful that SMC will continue to drive meaningful change with renewed energy and unwavering dedication to the health and welfare of the nation.

## এসএমসিকে আইসিএমএবি কর্তৃক বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড ২০২৩ প্রদান

বাংলাদেশের ইনস্টিটিউট অফ কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস (আইসিএমএবি) ২০২৪ সালের নভেম্বর মাসের ১৪ তারিখে ঢাকার প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে ১৪তম আইসিএমএবি বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড প্রদান করে। এসএমসি ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রদানের মাধ্যমে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। ১৭টি ক্যাটাগরিতে তালিকাভুক্ত ও তালিকাবহির্ভূত ৪৬টি প্রতিষ্ঠানকে আর্থিক ও অনার্থিক সূচকের ভিত্তিতে সেরা কর্পোরেট সুশাসন অনুশীলনের জন্য স্বীকৃতি দেয়া হয়। এই অনুষ্ঠানে, আইসিএমএবি "ইঞ্জিনিয়ারিং এবং অন্যান্য উৎপাদন" ক্যাটাগরিতে ব্রোঞ্জ অ্যাওয়ার্ডের মাধ্যমে এসএমসি-কে সম্মানিত করে। এসএমসি বার্ষিক প্রতিবেদন ২০২৩-এ প্রদর্শিত স্বচ্ছতা ও প্রাতিষ্ঠানিক সুশাসনের জন্য এই স্বীকৃতি অর্জন করেছে।

অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এবং বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। মাননীয় বাণিজ্য উপদেষ্টা শেখ বশির উদ্দিন, বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব মোঃ সেলিম উদ্দিন এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (আইআরডি)-এর সচিব ও জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)-এর চেয়ারম্যান মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়াও, বিভিন্ন মন্ত্রণালয়, বাণিজ্য সংগঠন, নিয়ন্ত্রক সংস্থা, অংশীজন এবং পুরস্কার বিজয়ী প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধিরা এই মর্যাদাপূর্ণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এসএমসি'র পক্ষে এই পুরস্কার গ্রহণ করেন এসএমসি ইএল-এর সিএফও জনাব আবুল বশির খান এবং এসএমসি'র সিএফও জনাব তপন বালা। এই কৃতিত্ব এসএমসি'র সর্বোচ্চ কর্পোরেট সুশাসন, আর্থিক স্বচ্ছতা এবং প্রতিবেদনের উৎকর্ষতার মান বজায় রাখার প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে।

## ICMAB Recognized Best Corporate Award 2023 to SMC

The Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB) organized the 14th ICMAB Best Corporate Award at the Pan Pacific Sonargaon Hotel, Dhaka, on 14 November, 2024. SMC submitted its Annual Report for the fiscal year 2022-23 to participate in the award-winning competition. In 17 categories, 46 listed and non-listed organizations were recognized for their best corporate practices based on financial parameters and non-financial indicators. ICMAB honored SMC with the Bronze Award in the "Engineering and Other Manufacturing" category at the ceremony. SMC received this recognition for its exceptional corporate governance and transparency in financial reporting as demonstrated in its Annual Report 2023.

Dr. Salehuddin Ahmed, Advisor, Ministry of Finance, Government of the People's Republic of Bangladesh graced the occasion as Chief Guest and handed over the awards to the winners at the event. Mr. Sheikh Bashir Uddin, Honorable Commerce Advisor, Mr. Md. Selim Uddin, Secretary, Ministry of Commerce and Mr. Md. Abdur Rahman Khan FCMA, Secretary, Internal Resources Division (IRD) & Chairman, National Board of Revenue (NBR) graced the program as Special Guests. Distinguished Guests from different Ministries, trade bodies, regulators, stakeholders, and the awardees attended the ceremony. Mr. Abul Bashir Khan, CFO, SMC EL and Mr. Tapan Bala, CFO, SMC, received the award on behalf of the Company. This achievement highlighted the dedication of SMC to maintaining the highest standards of corporate governance, financial transparency, and reporting excellence.

# Program News

## কমিউনিটি মোবিলাইজেশন কর্মসূচীর পরিকল্পনা সভা

এসএমসি ২০২৪ সালের নভেম্বর মাসের ২০ তারিখে মানিকগঞ্জের ডেরা রিসোর্টে কমিউনিটি মবিলাইজেশন কর্মসূচীর আওতাভুক্ত কর্মীদের জন্য একটি পরিকল্পনা সভার আয়োজন করে। এসএমসি'র চারটি বাস্তবায়নকারী অংশীদার, কনসার্নড উইমেন ফর ফ্যামিলি ডেভেলপমেন্ট (সিডব্লিউএফডি), পপুলেশন সার্ভিসেস অ্যান্ড ট্রেনিং সেন্টার (পিএসটিসি), সীমান্তিক, এবং সচেতন সোসাইটি'র কর্মীগণ সভায় অংশগ্রহণ করেন। সভার মূল উদ্দেশ্য ছিল সকল অংশীদারদের প্রোগ্রামের অগ্রাধিকার বিষয়গুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ করা যাতে লক্ষ্য, কার্যক্রম এবং প্রত্যাশিত ফলাফলের বিষয়ে একটি অভিন্ন উপলব্ধি তৈরি হয়; বিশেষ করে কমিউনিটি মোবিলাইজেশন কর্মসূচী সংক্রান্ত বিষয়ে।

এসএমসি'র এমডি এন্ড সিইও জনাব তছলিম উদ্দিন খান, সচেতন সোসাইটি'র নির্বাহী পরিচালক জনাব মো. হাসিনুল ইসলাম, সিডব্লিউএফডি-এর নির্বাহী পরিচালক মিস লাডলি ফায়েজ, সীমান্তিকের নির্বাহী পরিচালক জনাব মো. কাজী মোখসেদুর রহমান, এবং এসএমসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সভায় তাদের মূল্যবান মতামত ব্যাক্ত করেন। সভা চলাকালীন, জনাব খান কিছু গুরুত্বপূর্ণ আপডেট তুলে ধরেন যার মধ্যে ছিল ভোলা, ফেনী এবং লালমনিরহাটে ৮টি নতুন উপজেলায় সেবা সম্প্রসারণ। তিনি আরও জোর দিয়ে বলেন, গর্ভবতী নারীদের গর্ভকালীন সময়ে অন্তত চারটি চেক-আপ গ্রহণ করা উচিত তার মধ্যে কমপক্ষে একটি গ্র্যাজুয়েট চিকিৎসকের কাছ হতে নিতে হবে। তিনি গর্ভকালীন সেবা প্রদানের পাশাপাশি কমিউনিটি সমাবেশের আয়োজন এবং মাতৃস্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে প্যারামেডিকদের ভূমিকার উপর জোর দেন।

এসএমসি'র ফিল্ড ইমপ্লিমেন্টেশন বিভাগের মহা-ব্যবস্থাপক জনাব মো. মশিউর রহমান, জেন্ডার-ভিত্তিক অন্তর্ভূক্তির গুরুত্ব তুলে ধরেন। বিশেষ করে তিনি নারী কর্মী নিয়োগ এবং সাংগঠনিক নীতিমালা অনুসরণ করে কর্মী নির্বাচন প্রক্রিয়া নিশ্চিত করার পরামর্শ দেন। জনাব মোহাম্মদ মহিউদ্দিন আহমেদ, অতিরিক্ত মহা-ব্যবস্থাপক, প্রোগ্রাম মার্কেটিং অ্যান্ড বিহেভিয়ার চেইঞ্জ কমিউনিকেশন, বিক্রয় দক্ষতা উন্নত করার বিষয়ে গোল্ড স্টার মেম্বার (জিএসএম)-দের গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে আলোচনা করেন এবং ধারাবাহিক সাফল্যের জন্য তাদের কৌশলগুলি সহকর্মীদের সাথে ভাগ করে নেওয়ার জন্য উৎসাহিত করেন। এসএমসি'র প্রধান আর্থিক অফিসার জনাব তপন বালা, আর্থিক স্বচ্ছতার গুরুত্ব এবং সঠিক বিলিং, ডকুমেন্টেশন এবং কর ব্যবস্থাপনার প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেন। কর্মসূচির লক্ষ্য অর্জন, প্রবৃদ্ধি এবং কমিউনিটি

## Planning Meeting of Community Mobilization Program

SMC organized a planning meeting with the staff of Community Mobilization program at DERA Resort, Manikganj on 20 November, 2024. The staff of four implementing partners of SMC, Concerned Women For Family Development (CWFD), Population Services and Training Center (PSTC), Shimantik, and Sachetan Society participated in the meeting. The objective of the meeting was to align all partners with the program priorities, ensuring a shared understanding of goals, activities and expected outcomes of community mobilization program.

Mr. Toslim Uddin Khan, MD & CEO of SMC; Mr. Md. Hasinul Islam, Executive Director of Sachetan Society; Ms. Ladly Faiz, Executive Director of CWFD; Mr. Md. Kazi Moksedur Rahman, Executive Director of Shimantik and senior officials of SMC attended the event and shared their valuable insights. During the event, Mr. Khan highlighted key updates including the expansion of services to new eight Upazilas in Bhola, Feni, and Lalmonirhat. He also emphasized that pregnant women should receive four check-ups at least one from a graduate doctor during pregnancy. He also emphasized the role of paramedics in organizing community gatherings and raising awareness about maternal health in addition to offer pregnancy care services.

Mr. Md. Moshuir Rahman, General Manager-Field Implementation highlighted the importance of gender inclusivity especially female staff recruitment and ensuring that staff were selected following the organizational policies. Mr. Mohammad Mohiuddin Ahmed, Additional GM, Program Marketing & Behavior Chance Communication discussed the key role of improving the sales performance of Gold Star Members (GSMs) and encouraged them to share their strategies with their peers for continuous improvement. Mr. Tapan Bala, CFO, SMC discussed the importance of financial transparency and highlighted the need for proper billing, documentation, and tax management. The meeting was ended with a commitment to work together for achieving

মোবিলাইজেশন প্রোগ্রামের সফল বাস্তবায়নের জন্য একসাথে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করে সভাটি শেষ হয়।

program goals, growth and successful implementation of the community mobilization program.

## ব্লু-স্টার নেটওয়ার্কে নতুন সেবাদানকারীদের অন্তর্ভুক্তি

ব্লু-স্টার নেটওয়ার্ক সম্প্রসারণের চলমান প্রচেষ্টার অংশ হিসেবে, এসএমসি ২০২৪ সালের অক্টোবর-ডিসেম্বর মাসের মধ্যে ১,০৯৪ জন নতুন ব্লু-স্টার সেবাদানকারীকে (১,০২৬ জন পুরুষ এবং ৬৮ জন মহিলা) নেটওয়ার্কে অন্তর্ভুক্ত করেছে। নতুন সেবাদানকারীদের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে, এসএমসি তিন দিনব্যাপী একটি মৌলিক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে। অধিবেশনে পরিবার পরিকল্পনা পদ্ধতি ও সেবার বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর আলোকপাত করা হয়; বিশেষ করে ইনজেক্টেবল গর্ভনিরোধক প্রয়োগ, প্রয়োজনীয় পরামর্শ প্রদান, গর্ভকালীন ও মাতৃস্বাস্থ্য বিষয়ক পরামর্শ ও সেবা, ঝুঁকিপূর্ণ গর্ভধারণ শনাক্তকরণসহ প্রাথমিক গর্ভকালীন সেবা এবং মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস-এর গুরুত্ব। প্রশিক্ষণে শিশু পুষ্টির উপর জোর দেওয়া হয়, যার মধ্যে রয়েছে শারীরিক বৃদ্ধি পর্যবেক্ষণ ও ওজন পরিমাপ, পুষ্টি অবস্থার উন্নয়নে মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার-এর প্রয়োজনীয়তা, ডায়রিয়া ব্যবস্থাপনা, জিংক ব্যবহার ও কৃমির সংক্রমণ থেকে সুরক্ষা, যক্ষা রোগী শনাক্তকরণ এবং দীর্ঘমেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি সেবা গ্রহণের জন্য রেফারেল সেবা প্রদান বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়াও জনস্বাস্থ্যের অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় নিয়েও অধিবেশনে আলোচনা করা হয়।

## Inclusion of New Providers in the Blue Star Network

As a part of continueous expansion of the Blue Star network, SMC Program division included 1,094 new providers (1,026 male and 68 female) from October to December 2024. SMC organized a comprehensive three-day basic training to integrate them into the network to ensure that these providers are equipped to deliver primary healthcare services. The training program focused on various family planning methods and services including the administration of injectable contraceptives, effective counseling techniques, and maternal health services such as pre-pregnancy counseling and basic pregnancy care. The training also covered identifying high-risk pregnancies and the importance of Multiple Micronutrient Supplements during pregnancy. In addition, the program emphasized child nutrition with a particular focus on Growth Monitoring and Promotion services and the provision of Micronutrient Powder. Other topics included the management of diarrhea with Zinc supplements, family deworming, screening for hypertension and diabetes, screening and referral of Tuberculosis and Long-Acting Permanent Methods along with other public health priority areas.

## ১৬ দিনব্যাপী জেন্ডার-ভিত্তিক সহিংসতা প্রতিরোধ কর্মসূচি ২০২৪ উদযাপন

প্রতি বছর, ২৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত বিশ্বব্যাপী জেন্ডার-ভিত্তিক সহিংসতা প্রতিরোধে (জিবিভি) ১৬ দিনের কর্মসূচি পালন করা হয়। এই কর্মসূচির লক্ষ্য হল নারী ও কন্যা শিশুর প্রতি সকল প্রকার সহিংসতা রোধে জনসচেতনতা বৃদ্ধি ও সক্রিয় পদক্ষেপ গ্রহণ করা। এই বৈশ্বিক প্রচারণার অংশ হিসেবে, এসএমসি ২০২৪ সালের নভেম্বর মাসের ২৫ তারিখ থেকে ডিসেম্বর মাসের ১০ তারিখ পর্যন্ত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস উদযাপন উপলক্ষে একাধিক কর্মসূচি পরিচালনা করে। এ বছর কর্মসূচির মূল প্রতিপাদ্য ছিল "প্রতি ১০ মিনিটে একজন নারী নিহত হয়। #NoExcuse। নারীর প্রতি সহিংসতা বন্ধ করতে একতাবদ্ধ হোন।"

## 16 Days of Activism Against Gender-Base Violence 2024 Observed

Every year, the world observes the 16 Days of Activism Against Gender-Based Violence (GBV) Campaign from November 25 to December 10. The aim is to raise awareness and mobilize action to end all forms of violence against women and girls. As a part of the global campaign, SMC conducted a series of activities from November 25 to December 10, 2024 to commemorate the International Day for the Elimination of Violence against Women. This year, the campaign drew attention to the alarming growth of violence against women under the theme, "Every 10 minutes, a woman is killed. #NoExcuse. UNiTE to End Violence against Women".

কর্মসূচীর শুরুতে এসএমসি'র চারটি বাস্তবায়নকারী প্রতিষ্ঠান জিবিভি বিষয়ে ২৩টি কর্মী সভার আয়োজন করে যেখানে ৩১৩ জন মহিলা এবং ৮৬ জন পুরুষ সদস্য অংশগ্রহণ করেন। এছাড়াও বাস্তবায়নকারী প্রতিষ্ঠান বিভিন্ন কার্যক্রমের আয়োজন করে, যার মধ্যে ছিল প্রজনন বয়সী বিবাহিত নারীদের (এমডব্লিউআরএ) নিয়ে উঠান বৈঠক, কিশোর-কিশোরীদের স্কুল-ভিত্তিক স্বাস্থ্য অধিবেশন এবং বিতর্ক প্রতিযোগিতা। মোট ৪,০৯৪টি অধিবেশন অনুষ্ঠিত হয় এবং ৫৫,৩১৫ জন অংশগ্রহণকারী সক্রিয়ভাবে এই প্রচারণায় যুক্ত হন। অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন ৩৭,৪৩৪ জন প্রজনন বয়সী বিবাহিত নারী (এমডব্লিউআরএ), ৬,১৪৩ জন কিশোর-কিশোরী (৪,৯০০ মেয়ে ও ১,২৪৩ ছেলে) এবং ১,৭০২ জন গোল্ড স্টার মেম্বার (নারী উদ্যোক্তা)। এছাড়াও, সরকারি প্রতিনিধি ও এনজিওগুলোর সাথে ছয়টি বৈঠক অনুষ্ঠিত হয় যেখানে মোট ২৫৬ জন অংশগ্রহণ করেন। অধিকন্তু, নতুন বিবাহিত দম্পতিদের নিয়ে ১৩টি সভা এবং ৪৯ বছরের বেশি মহিলাদের নিয়ে ৬৫টি সভার আয়োজন করা হয় যেখানে মোট ১৪৮ জন মহিলা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। এই উদ্যোগগুলোর মাধ্যমে সমাজে নারী নির্যাতন রোধে সচেতনতা বৃদ্ধি, লিঙ্গ সমতা প্রতিষ্ঠা, নারী ও শিশুদের প্রতি সহিংসতা প্রতিরোধ এবং ইতিবাচক সামাজিক পরিবর্তন আনতে একসঙ্গে কাজ করার গুরুত্ব তুলে ধরা হয়।

Initially four implementing partners of SMC organized 23 staff meetings engaging 313 female and 86 male staff members to mark on GBV. These implementing partners organized various activities including courtyard meetings with Married Women of Reproductive Ages (MWRAs), school health sessions for adolescents, rallies and debate competitions. A total of 4,094 events were held and 55,315 participants were reached to address the issue. Among the participants, 37,434 MWRAs, 6,143 adolescents (4,900 girls and 1,243 boys) and 1,702 Gold Star Members (women entrepreneurs) were actively engaged. In addition to these activities, the implementing partners held 11 meetings with government representatives and NGOs to strengthen collaborative efforts towards ending gender-based violence where a total of 254 participants attended. Moreover, 13 meetings for newlywed couples and 65 meetings for women aged 49 above reached a total 148 women. These series of events highlighted a strong community effort to raise awareness, promote gender equality, combat gender-based violence and encourage a positive change within the community.

## সেন্ট মার্টিন দ্বীপে ব্লু-স্টার নেটওয়ার্ক সম্প্রসারণ

এসএমসি সেন্ট মার্টিন দ্বীপে বসতকারি দূরবর্তী ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্যসেবার সুযোগ বৃদ্ধি করার লক্ষ্যে ব্লু-স্টার নেটওয়ার্কের অধীনে নন-গ্র্যাজুয়েট স্বাস্থ্য সেবাদানকারী নিয়োগের মাধ্যমে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। এই উদ্যোগের মূল লক্ষ্য দ্বীপাঞ্চলের বাসিন্দাদের স্বাস্থ্য সমস্যাগুলি মোকাবেলা করা বিশেষত শিশু ও গর্ভবতী নারীদের মধ্যে পুষ্টিহীনতার হার হ্রাস করা। ২০২২ সালের আগস্ট মাসে ন্যাশনাল লাইব্রেরি অফ মেডিসিন (এনএলএম)-এ প্রকাশিত আহমেদ জুবায়েরের এক গবেষণা অনুসারে, দ্বীপ অঞ্চলে পাঁচ বছরের কম বয়সী শিশুদের মধ্যে খর্বাকৃতি (stunting), অপুষ্টি (wasting), কম ওজন (underweight) এবং অতিরিক্ত ওজন (overweight) এর হার যথাক্রমে ৩৪.৪%, ১৭.৬%, ১৮.৯% এবং ৬.৯%। উল্লেখযোগ্যভাবে, দ্বীপ অঞ্চলে কম ওজনের শিশু ব্যতীত সকল ধরণের অপুষ্টির প্রবণতা জাতীয় গড়ের তুলনায় বেশি।

সেন্ট মার্টিন দ্বীপে ব্লু-স্টার নেটওয়ার্কের সম্প্রসারণ এই সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের কাছে স্বাস্থ্যসেবা পৌঁছানোর ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, যেখানে স্বাস্থ্য সুবিধা খুবই সীমিত। এই উদ্যোগটি সুলভ মূল্যে মানসম্পন্ন জনস্বাস্থ্যসেবা প্রদানের মাধ্যমে দ্বীপবাসীর মৌলিক স্বাস্থ্য চাহিদা পূরণে সহায়তা করবে। ব্লু-স্টার সেবাদানকারী দ্বীপের জনগণের স্বাস্থ্যসেবার চাহিদা পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে যার মধ্যে রয়েছে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান, গর্ভকালীন সেবা ও পরামর্শ, মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্ট (এমএমএস) সরবরাহ, শিশুদের শারিরিক বৃদ্ধি পর্যবেক্ষণ ও ওজন

## SMC Expanded Blue Star Network on Saint Martin Island

SMC has made a pivotal move to enhance healthcare access for the remote and underserved population on Saint Martin Island by engaging non-graduate health providers under its Blue Star network. This initiative aims to tackle the healthcare challenges of the residents on Islands particularly the malnutrition rate among children and pregnant women. According to a study by Ahmed Jubayer published in the National Library of Medicine (NLM) in August 2022, the prevalence rates of stunting, wasting, underweight, and overweight were 34.4%, 17.6%, 18.9%, and 6.9% respectively among children under five years on Island areas. Notably, the prevalence of all forms of malnutrition in Island areas except underweight is higher than the national average.

The expansion of the Blue Star network on Saint Martin Island is a significant step toward accessing healthcare services in this underserved community where healthcare facilities are limited. This initiative will help to address the basic health needs in the Island community by providing affordable and quality public health care services. The Blue Star Provider will play a vital role in addressing the healthcare needs of the community by offering a range of primary healthcare services including essential pregnancy care services, counseling, and the provision of Multiple Micronutrient Supplements (MMS); Growth monitoring and

পরিমাপ, শিশু পুষ্টির উপর পরামর্শ  এবং পাঁচ বছরের কম বয়সী শিশুদের জন্য মাইক্রোনিউট্রিয়েন্ট পাউডার (এমএনপি) সরবরাহ, পরিবার পরিকল্পনা সংক্রান্ত তথ্য ও পরামর্শ সেবা এবং সোমা-জেক্ট ইনজেকশন প্রয়োগ, অসংক্রামক রোগ (এনসিডি) ব্যবস্থাপনা এবং গুরুতর অসুস্থ শিশু ও সম্ভাব্য যক্ষ্মা (টিবি) রোগীদের নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্রে রেফার করা। এসকল স্বাস্থ্যসেবাসমূহ সেন্ট মার্টিন দ্বীপে বসবাসকারী জনগণের সামগ্রিক স্বাস্থ্য এবং সুস্থতা নিশ্চিত করবে বলে আশা করা যাচ্ছে।

promotion, counseling on child nutrition and the provision of Micronutrient Powder (MNP) for children under five, counseling on Family Planning and administer SOMA-JECT Injectable, management of non-communicable diseases (NCDs), and referral of severe sick children and suspected TB patients to the nearest health service center. These services are expected to enhance the overall health and well-being of the population living on Saint Martin Island.

## দীর্ঘমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি বিষয়ক প্রশিক্ষণ ও কর্মদক্ষতা পর্যালোচনা সভা

এসএমসি ২০২৪ সালের জুলাই মাসের ৯ তারিখে দিনাজপুর জেলার এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতি ও স্ত্রীরোগ বিশেষজ্ঞদের (ওবিজিওয়াইএন) জন্য দীর্ঘমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি বিষয়ক একটি হাতে-কলমে প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে। এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল নতুন ওবিজিওয়াইএনদের দীর্ঘমেয়াদি পদ্ধতি প্রয়োগে দক্ষতা ও আত্মবিশ্বাস বৃদ্ধি করা। এসএমসি'র পক্ষ থেকে ডাঃ আহমেদ ইফতেখার আলম এবং ডাঃ জুলফিকার ইবনে জাফর যৌথভাবে প্রশিক্ষণটি পরিচালনা করেন। এই প্রশিক্ষণে ২০ জনের বেশি অংশগ্রহণকারী অংশগ্রহন করেন এবং ভিডিও প্রদর্শন ও ডামি ব্যবহার করে হাতে-কলমে প্রশিক্ষণ গ্রহণের পাশাপাশি সরাসরি আইইউডি ও ইমপ্ল্যান্ট প্রয়োগের ব্যবহারিক অনুশীলনের সুযোগ পান। ওজিএসবি দিনাজপুর শাখার যুগ্ম-সচিব এবং এম আব্দুর রহিম মেডিকেল কলেজ হাসপাতালের গাইনি ও প্রসূতি বিভাগের প্রধান ডাঃ ইশরাত শারমিন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি অংশগ্রহণকারীদের নিজ নিজ চেম্বার ও স্বাস্থ্যকেন্দ্রে দীর্ঘমেয়াদি পদ্ধতি সেবা প্রদান শুরু করার জন্য উৎসাহিত করেন।

## Training on Long-Acting Reversible Contraceptives and Performance Review Meeting

SMC conducted a hands-on training session on Long-Acting Reversible Contraceptives (LARC) for Obstetricians and Gynecologists (OBGYNs) at M Abdur Rahim Medical College Hospital, Dinajpur on July 9, 2024. The objective of the training was to enhance the skills and confidence of new OBGYNs in insertion techniques of LARC. The session was jointly facilitated by Dr. Ahmed Iftekhar Alam and Dr. Zulfiker Ibn Zafor from SMC. More than 20 participants attended the session to receive comprehensive training with the provision of video demonstration and hands-on practice session using dummies as well as practical insertion of IUDs and implants. Dr. Ishrat Sharmin, Joint Secretary of OGSB Dinajpur Branch and Head of the Department of Gynae & Obs at M Abdur Rahim Medical College Hospital attended the event. They encouraged participants to initiate offering LARC services in their chambers and health facilities.

পরবর্তী দিন, এসএমসি দিনাজপুর জেলার পর্যটন মোটেলে এক অভিজ্ঞতা বিনিময় ও কর্মদক্ষতা পর্যালোচনা সভার আয়োজন করে যেখানে প্রাইভেট সেক্টরে দীর্ঘমেয়াদি পদ্ধতি সেবা প্রদান করতে ওবিজিওয়াইএনদের উৎসাহিত করা হয়। এসএমসি'র পিংক স্টার প্রোগ্রামের ৩০ জনের বেশি স্ত্রীরোগ বিশেষজ্ঞ এই সভায় অংশগ্রহণ করেন। সভার মূল লক্ষ্য ছিল দীর্ঘমেয়াদি পদ্ধতি সেবার বর্তমান অবস্থা পর্যালোচনা, উলেখযোগ্য অভিজ্ঞতাগুলি শেয়ার করা এবং কম ওজনসম্পন্ন শিশু জন্ম হ্রাসে মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্টস-এর

The following day, SMC organized an experience sharing and performance review meeting with OBGYNs at The Parjatan Motel in Dinajpur to encourage them for offering LARC services in the private sector. Over 30 Gynecologists from the SMC Pink Star program attended the event. The main focus was to review LARC performance, share best practices, and discuss the role of Multiple Micronutrient Supplements in reducing low birth weight babies.

ভূমিকা নিয়ে আলোচনা করা। মোঃ এনামুল হক, বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, রংপুর বিভাগ; প্রফেসর ডাঃ মোহাম্মদ ফয়সাল আলম, সভাপতি, ওজিএসবি; প্রফেসর ডাঃ জাহানারা বেগম মুন্নি, সাধারণ সম্পাদক, ওজিএসবি; ডাঃ ইশরাত শারমিন, যুগ্ম সম্পাদক, ওজিএসবি; মোঃ সাইফুল ইসলাম, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা (ডিডিএফপি), দিনাজপুর শাখা এবং এসএমসি'র স্টার নেটওয়ার্কের অতিরিক্ত মহা-ব্যবস্থাপক ডাঃ সালাহ উদ্দিন আহমেদ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উক্ত সভায় সম্মানিত অতিথিগণ ওবিজিওয়াইএনদের আত্মবিশ্বাস ও দক্ষতার প্রশংসা করেন এবং সারাদেশে দীর্ঘমেয়াদি পদ্ধতি সেবা সম্প্রসারণের জন্য পূর্ণ সহযোগিতার আশ্বাস দেন।

Md. Anamul Haque, Divisional Director of Family Planning, Rangpur Division; Prof. Dr. Mohammad Faisal Alam, President of OGSB; Prof. Dr. Jahanara Begum Munni, General Secretary of OGSB; Dr. Ishrat Sharmin, Joint Secretary of OGSB; Md. Saiful Islam, Deputy Director of Family Planning (DDFP), Dinajpur Branch; and Dr. Salah Uddin Ahmed, Additional GM, Star Networks, SMC attended the event. They acknowledged the confidence of the OBGYNs and assured them of full support and cooperation to enhance LARC services across the country.

# Marketing News

## ওরস্যালাইন-এন ২০২৪ সালের সেরা ওরাল স্যালাইন ব্র্যান্ড হিসেবে স্বীকৃত

বাংলাদেশ ব্র্যান্ড ফোরাম (বিবিএফ) ২০২৪ সালের ডিসেম্বর মাসের ২৬ তারিখে ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'বেস্ট ব্র্যান্ড অ্যাওয়ার্ড ২০২৪' এর ১৬ তম আসরের আয়োজন করে। এবছর ৪৪টি ভিন্ন ক্যাটাগরিতে ৪৪টি ব্র্যান্ডকে সম্মানিত করা হয়। ওরস্যালাইন-এন ২০২৪ অর্থবছরের সেরা ওরাল স্যালাইন ব্র্যান্ড হিসেবে স্বীকৃতি পেয়েছে। ধারাবাহিকভাবে ষষ্ঠবারের মতো এই মর্যাদাপূর্ণ খেতাব অর্জন করল ওরস্যালাইন-এন। এই অর্জন ব্র্যান্ডটির দেশের অগণিত মানুষের জীবন বাঁচাতে ৪০ বছরের দৃঢ় অঙ্গীকার ও বাংলাদেশের জনস্বাস্থ্যে গুরুত্বপূর্ণ অবদানের প্রতিফলন। বাংলাদেশ ব্র্যান্ড ফোরাম, এনসার্চ লিঃ (nSearch Ltd.) এবং দ্য ডেইলি স্টার-এর সহযোগিতায় এই মর্যাদাপূর্ণ পুরস্কার প্রদান অনুষ্ঠানের আয়োজন করে।

## ORSaline-N Recognized as Best Oral Saline Brand of 2024

The Bangladesh Brand Forum (BBF) organized the 16th edition of the "Best Brand Award 2024" at the Hotel InterContinental in Dhaka on December 26, 2024. This year, 44 brands were honored under 44 distinguished categories. ORSaline-N has been acknowledged as the 'Best Oral Saline Brand' for the fiscal year 2024. The brand has achieved this prestigious title for the sixth consecutive year. This achievement highlights the 40-year legacy of the brand for saving lives and its substantial contribution to public health in Bangladesh. The BBF organized the award-giving ceremony in partnership with nSearch Ltd. and in association with The Daily Star.

## ব্র্যান্ড উপস্থিতি বাড়াতে এসএমসি প্লাস ক্যারাভান কার্যক্রম

এসএমসি ২০২৪ সালের নভেম্বর মাসের ২৩ তারিখ থেকে ডিসেম্বর মাসের ২২ তারিখ পর্যন্ত এসএমসি প্লাস ইলেক্ট্রোলাইট ড্রিংক প্রচারের লক্ষ্যে ঢাকা ও আশপাশের এলাকায় ক্যারাভান কার্যক্রম পরিচালনা করে। এই ক্যাম্পেইনের মূল উদ্দেশ্য ছিল ব্র্যান্ডের দৃশ্যমানতা বৃদ্ধি, ভোক্তাদের সম্পৃক্ত করা এবং পারস্পরিক ও চিত্তাকর্ষক অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে পণ্যের বিক্রয় বৃদ্ধি করা। মাসব্যাপী কার্যক্রমের অংশ হিসেবে ব্র্যান্ডেড ক্যারাভানটি ঢাকার ৩০টি জনবহুল স্থানে ভ্রমণ করে যেখানে বিপুলসংখ্যক মানুষকে আকৃষ্ট করা হয়। ভোক্তাদের আগ্রহ বাড়ানোর জন্য ক্যারাভানে ভার্চুয়াল রিয়ালিটি (VR) গেমিং অভিজ্ঞতা, ফেসবুক চেক-ইন, ফ্রি প্রোডাক্ট ট্রায়াল এবং বিশেষ

## SMC Plus Caravan Activation to Enhance Brand Presence

SMC conducted a Caravan Activation to promote SMC Plus Electrolyte Drink across Dhaka and its surrounding areas from November 23 to December 22, 2024. The campaign aimed to enhance brand visibility, boost consumer engagement, and create product awareness through interactive and immersive experiences. The month-long activation featured a branded caravan that visited 30 high-traffic locations to attract the people. Consumers were engaged with interactive activities such as VR (Virtual Reality) gaming experiences, Facebook check-ins, free

ডিসকাউন্টে এক্সক্লুসিভ কম্বো প্যাক বিক্রয়ের ব্যবস্থা ছিল। এছাড়াও, এসএমসি প্লাসের মান ও নির্ভরযোগ্যতা বাড়ানোর জন্য বিএসটিআই (BSTI) সার্টিফিকেশন তুলে ধরা হয় যা ভোক্তাদের মধ্যে বিশ্বাস ও আস্থার সৃষ্টি করে।

এসএমসি এই ক্যাম্পেইনের মাধ্যমে সফলভাবে বাজারে ব্র্যান্ড উপস্থিতি সম্প্রসারণ, গ্রাহকদের আনুগত্য বৃদ্ধি এবং সরাসরি ভোক্তাদের সম্পৃক্ততার মাধ্যমে পণ্যের গ্রহণযোগ্যতা, চাহিদা ও লভ্যতা বাড়াতে সক্ষম হয়েছে। গ্রাহকদের ইতিবাচক প্রতিক্রিয়া এসএমসি প্লাসের ক্রমবর্ধমান চাহিদা ও বাজারে শক্তিশালী অবস্থানকে প্রতিফলিত করে। ভবিষ্যতে একই ধরনের ক্যাম্পেইন নতুন গ্রাহকদের আকৃষ্ট করতে, আনুগত্য বাড়াতে এবং এসএমসি প্লাসের টেকসই প্রবৃদ্ধি নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

product trials, and exclusive combo pack sales at discounted price. Additionally, the campaign highlighted BSTI certification to enhance consumers trust and confidence with regard to the quality and reliability of SMC Plus.

SMC successfully expanded its market presence, strengthened brand loyalty, and increased product offtake through direct consumer engagement by strategically positioning the activation in high-footfall areas. The positive responses from consumers showed the growing demand for SMC Plus and strengthening its brand position in the market. Similar campaigns will continue to engage new audiences, enhance customer loyalty, and drive sustained growth for SMC Plus.

## এসএমসি বাজারে নিয়ে এলো লেক্সাস ভেজিটেবল ক্র্যাকার্স

এসএমসি ২০২৩ সালের জুলাই মাসে সর্বপ্রথম সুস্বাদু ফোর্টিফায়েড মাইক্রোনিউট্রিয়েন্ট বাটার কুকিজ দিয়ে বিস্কুট বাজারে প্রবেশ করে, এরপর অরেঞ্জ বিস্কুট ও এনার্জি বিস্কুট চালু করে। এরই ধারাবাহিকতায়, এসএমসি ২০২৪ সালের আগস্ট মাসে লেক্সাস ভেজিটেবল ক্র্যাকার্স ২১৬ গ্রাম বাজারে নিয়ে এসে বিস্কুট পোর্টফোলিওকে আরও সম্প্রসারিত করেছে। এই নতুন পুষ্টিকর পণ্যটি ভোক্তাদের জন্য সুস্বাদু ও স্বাস্থ্যকর খাবারের বিকল্প হিসেবে উপস্থাপন করা হয়েছে। বিস্কুটের আনুষ্ঠানিক যাত্রা ১২টি এরিয়া অফিসে বিশেষভাবে উদযাপন করা হয় যা ভোক্তা ও খুচরা বিক্রেতাদের মধ্যে ব্যাপক উদ্দীপনার সৃষ্টি করে। এটি বাংলাদেশের বাজারে প্রথম ক্র্যাকার্স যা ক্যালসিয়াম সমৃদ্ধ এবং এতে শাকসবজি ও দুধের পুষ্টিগুণ বিদ্যমান। আসল চিজের স্বাদ এটিকে স্বাস্থ্য-সচেতন স্ন্যাক্স প্রেমীদের জন্য পছন্দের খাবার হিসেবে তৈরি করেছে। এটি স্বাদের সঙ্গে পুষ্টির চমৎকার সমন্বয় ঘটিয়ে সাশ্রয়ী মূল্যে উপভোগ্য একটি স্ন্যাক্স হিসেবে বাজারে এসেছে। বিস্কুটটি ইতিমধ্যেই ভোক্তা ও খুচরা বিক্রেতাদের কাছ থেকে ইতিবাচক সাড়া পেয়েছে যা এসএমসি'র ক্রমবর্ধমান কনফেকশনারি পোর্টফোলিওতে একটি জনপ্রিয় স্ন্যাক্স হয়ে ওঠার সম্ভাবনা তৈরি করেছে।

## SMC launched Lexus Vegetable Crackers

SMC entered the biscuit market in July 2023 with Butter Cookies followed by introducing Orange biscuit and Energy biscuit. SMC has expanded its biscuit portfolio by launching Lexus Vegetable Crackers 216g in August 2024. This new nutritious product is offering consumers a delicious and healthy snacking option. The introduction of this new biscuit was celebrated across 12 area offices to create excitement among consumers and retailers. It is the first-ever cracker enriched with calcium and offers the essence of vegetables and milk. The taste of real cheese makes it a unique choice for health-conscious snack lovers. Lexus Vegetable Crackers provides a satisfying blend of flavor and nutrition at an affordable price. The product has already received positive response from both consumers and retailers which is showing strong potential to become a favorite snack in SMC's growing confectionery portfolio.

# মাতৃস্বাস্থ্য উন্নয়নে এসএমসি'র গর্ভকালীন পুষ্টি ক্যাম্পেইন

এসএমসি ২০২৪ সালের নভেম্বর মাসের ১৭-১৮ তারিখে "গর্ভকালীন পুষ্টি (প্রেগন্যান্সি নিউট্রিশন)" ক্যাম্পেইন পরিচালনা করে যার মূল লক্ষ্য হলো মাতৃস্বাস্থ্য ও পুষ্টির উন্নয়ন। এই ক্যাম্পেইনের মাধ্যমে প্রসবপূর্ব সেবার (এএনসি) গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং গর্ভবতী মায়েদের সঠিক পুষ্টি নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হয়। এছাড়াও, ক্যাম্পেইনে গর্ভবতী মহিলাদের জন্য এসএমসি ব্র্যান্ডেড মাল্টিপল মাইক্রোনিউট্রিয়েন্ট সাপ্লিমেন্ট (এমএমএস) 'ফুলকেয়ার' এবং ক্যালসিয়াম ট্যাবলেট 'ফরবোন' প্রচার করা হয়। এই উদ্যোগটি ছিল এসএমসি'র অন্যতম বৃহত্তম জনস্বাস্থ্য বিষয়ক ক্যাম্পেইন যা ব্লু-স্টার নেটওয়ার্ক এবং কমিউনিটি মোবিলাইজেশন কর্মসূচীর মাধ্যমে হাজারো গর্ভবতী মহিলাদের কাছে পৌঁছানোর বৃহত্তম জনস্বাস্থ্য প্রচারণাগুলির মধ্যে একটি।

বরিশাল জেলার উজিরপুর উপজেলায় অবস্থিত মুবিন ফার্মেসি নামক ব্লু-স্টার কেন্দ্র থেকে এই ক্যাম্পেইনের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসএমসি ইএল বোর্ডের পরিচালক জনাব মুহাম্মদ ফরহাদ হুসাইন এফসিএ; এসএমসি ও এসএমসি ইএল বোর্ডের পরিচালক জনাব জহির উদ্দিন আহমেদ; এসএমসি বোর্ডের পরিচালক মিস ইয়াসমিন হেমায়েত আহমেদ এবং জনাব রঞ্জিত কুমার চক্রবর্তী; এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও জনাব তছলিম উদ্দিন খান; এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব সায়েফ নাসির এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

মোট ৬৪ জন গর্ভবতী নারী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন এবং গর্ভকালীন মৌলিক স্বাস্থ্যসেবা, প্রয়োজনীয় স্বাস্থ্যসংক্রান্ত তথ্য ও পরামর্শ গ্রহণ করেন। অনুষ্ঠান চলাকালীন, পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা পরিচালক ও সিইও গর্ভবতী মায়েদের সাথে কথা বলেন এবং প্রসবপূর্ব সেবা (এএনসি) ও এমএমএস-এর ভূমিকা সম্পর্কে গুরুতারোপ করেন যা গর্ভবতী মা ও গর্ভস্থ শিশুর পুষ্টি নিশ্চিত করতে সহায়ক। অধিবেশন শেষে, জনাব খান গর্ভবতী নারীদের মাঝে ফুলকেয়ার এবং ফরবোন ট্যাবলেট উপহার হিসেবে বিতরণ করেন।

দেশব্যাপী গর্ভবতী নারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রায় ১৭টি শীর্ষস্থানীয় বেসরকারি স্যাটেলাইট চ্যানেল "গর্ভকালীন পুষ্টি" ক্যাম্পেইনের খবর সম্প্রচার করে এবং সামাজিক কল্যাণে এসএমসি'র ভূমিকা তুলে ধরে। জনাব খান মিডিয়ার সামনে প্রসবপূর্ব সেবা ও সঠিক পুষ্টির গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন। তিনি আরও বলেন, এসএমসি মা ও শিশুর স্বাস্থ্য এবং পুষ্টি অবস্থা উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ এবং গর্ভবতী মায়েদের জন্য মানসম্পন্ন প্রসবপূর্ব সেবা, পুষ্টি উপাদান সরবরাহ ও প্রয়োজনীয় পরামর্শ প্রদানের মাধ্যমে তাদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করছে।

# Nutrition Campaign of SMC to Strengthen Maternal Health

SMC conducted "Gorvokalin Pushti (Pregnancy Nutrition)" campaign from November 17-18, 2024 to improve maternal health and nutrition. The campaign focused on raising awareness of the importance of Antenatal Care (ANC) and ensuring access of appropriate nutrition care for expectant mothers. Additionally, the campaign promoted SMC-branded multiple micronutrient supplements (MMS) 'FullCare' and calcium tablet 'Forbon' for pregnant women. This initiative was one of the largest public health campaigns of SMC reaching thousands of pregnant women through its Blue Star network and community mobilization activities.

The official inauguration of the event was held at Mubin Pharmacy, a Blue Star outlet located in Uzirpur, Barishal with the presence of Mr. Mohammed Farhad Hussain FCA, Director of SMC EL Board; Mr. Jahir Uddin Ahmed, Director of SMC & SMC EL Board; Ms. Yasmin Hemayet Ahmed and Mr. Ranjit Kumar Chakraborty, Directors of the SMC Board; Mr. Toslim Uddin Khan, MD & CEO of SMC; Mr. Sayef Nasir, MD of SMC EL, and other senior officials. A total of 64 pregnant women attended the event and received basic ANC services, essential health information and counseling during pregnancy period. During the event, the Board of Directors and the MD & CEO discussed with the expectant mothers and emphasized the importance of ANC and the role of MMS for ensuring nutrition of both mothers and their babies. At the end of the session, Mr. Khan distributed FullCare and Forbon tablets free of cost as token gifts among the pregnant women.

About 17 leading private satellite channels covered the news of Govokalin Pushti campaign to create awareness among the pregnant women across the Country and highlighted the activities of SMC for social welfare. Mr. Khan emphasized the importance of ANC and proper maternal nutrition during pregnancy to the media. He also highlighted SMC's commitment to improving maternal and child health by ensuring access to quality ANC services, nutritional supplements, and counseling for expectant mothers.

একই দিনে এসএমসি এবং এসএমসি ইএল বোর্ডের পরিচালকবৃন্দ, এসএমসি'র ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, এসএমসি ইএল-এর ব্যবস্থাপনা পরিচালক এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ বাস্তবায়নকারী প্রতিষ্ঠান কনসার্নড উইমেন ফর ফ্যামিলি ডেভেলপমেন্ট (সিডব্লিউএফডি) কর্তৃক আয়োজিত মা-সমাবেশ পরিদর্শন করেন। মোট ৬৫ জন গর্ভবতী নারী এ সমাবেশে অংশগ্রহণ করেন। সভায় বোর্ডের পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালক ও সিইও প্রসবপূর্ব সেবা গ্রহণের গুরুত্ব ও তাৎপর্য এবং গর্ভাবস্থা ও বুকের দুধ খাওয়ানোর সময় পুষ্টির ঘাটতি পূরণে এমএমএস-এর প্রয়োজনীয়তা ও সুবিধাদি নিয়ে আলোচনা করেন।

On the same day, the Board of Directors, MD & CEO of SMC, MD of SMC EL along with senior officials attended a Ma Somabesh (pregnant mothers' gathering) at Uzirpur, Barishal, organized by the implementing partner Concerned Women For Family Development (CWFD). A total of 65 pregnant women attended the session where the Board of Directors and the MD & CEO discussed the significance of ANC services and the benefits of MMS in addressing nutritional deficiencies during pregnancy and the lactation period.

## ক্রীড়া প্রতিযোগিতায় এসএমসি প্লাস-এর স্পন্সর

এসএমসি প্লাস ২০২৪ সালের ডিসেম্বর মাসে দুটি গুরুত্বপূর্ণ ক্রীড়া প্রতিযোগিতায় স্পন্সরশীপের মাধ্যমে তার ব্র্যান্ড ইমেজকে আরও প্রাণবন্ত ও গতিশীলভাবে তুলে ধরে। 'এসএমসি প্লাস ইডব্লিউইউ উইন্টার স্মাশ'-এর টাইটেল স্পনসর ছিল এসএমসি প্লাস যা দেশের সবচেয়ে বড় আন্তঃবিশ্ববিদ্যালয় ব্যাডমিন্টন টুর্নামেন্ট হিসেবে পরিচিত। ইভেন্টটি বাংলাদেশের ব্যাডমিন্টন ফেডারেশনের সহযোগিতায় ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি স্পোর্টস ক্লাব কর্তৃক আয়োজন করা হয়। টুর্নামেন্টটি ২০২৪ সালের ডিসেম্বর মাসের ১৯ তারিখে স্বনামধন্য ব্যান্ড ওয়ারফেইজের পরিবেশনার মাধ্যমে উদ্বোধন করা হয় এবং ২৬ ডিসেম্বর ২০২৪ তারিখে তরুণদের উদ্যম ও প্রতিভার উদ্দীপনাময় উদযাপনের মাধ্যমে সফলভাবে সমাপ্ত হয়। প্রতিযোগিতায় ৩৬টি বিশ্ববিদ্যালয়ের ১২০টিরও বেশি দল ছয়টি ক্যাটাগরিতে অংশগ্রহণ করে।

এছাড়া, এসএমসি প্লাস 'বডিবিল্ডিং চ্যাম্পিয়ন্স বাংলাদেশ ২০২৪' প্রতিযোগিতার গোল্ড স্পনসর হিসেবেও যুক্ত হয়। প্রতিযোগিতাটি ২০২৪ সালের ডিসেম্বর মাসের ২৭-২৮ তারিখে ঢাকার জাতীয় ক্রীড়া পরিষদ টাওয়ারে অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন প্রান্তের শক্তিশালী ও প্রতিভাবান বডিবিল্ডাররা ছয়টি ক্যাটাগরিতে প্রতিযোগিতায় অংশগ্রহন করেন। এই দুটি ক্রীড়া স্পনসরশিপই এসএমসি প্লাসের লক্ষ্যিত জনগোষ্ঠীর কাছে গ্রহণযোগ্যতা ও জনপ্রিয় করে তুলতে সহায়তা করেছে।

## SMC Plus Strengthened Brand Presence with Major Sports Sponsorship

SMC Plus boosted its brand presence in December 2024 through two significant sports sponsorships showcasing its vibrant and dynamic brand image. SMC Plus was the title sponsor of the 'SMC Plus EWU Winter Smash 2024', the largest Inter-University Badminton Tournament in the country organized by the East West University Sports Club in collaboration with the Bangladesh Badminton Federation. The event was inaugurated on December 19, 2024 with a performance by the Iconic Band Warfaze and concluded with a celebration of the enthusiasm and talent of youth on December 26, 2024. More than 120 teams from 36 universities participated in the tournament competing in six categories.

SMC Plus also became the Gold Sponsor of the 'Bodybuilding Champions Bangladesh 2024' held on December 27-28, 2024 at the National Sports Council Tower, Dhaka. The event featured strong and talented bodybuilders across the country competing in six categories. Both sponsorships enhanced the connection of SMC Plus with its target audience.

# Capacity Development Initiatives

## এসএমসি এবং এসএমসি ইএল-এর কর্মীদের দক্ষতা উন্নয়নে উদ্যোগ

এসএমসি সর্বদা একটি উচ্চ দক্ষতাসম্পন্ন ও যোগ্য কর্মীবাহিনী নিশ্চিত করার লক্ষ্যে ধারাবাহিকভাবে পেশাগত দক্ষতা ও উন্নয়নকে উৎসাহিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। কৌশলগত চিন্তাভাবনা, উদ্ভাবন, অপারেশনাল উৎকর্ষতা, সুশাসন, বিপণন ও বিক্রয় কৌশল এবং কার্যকর ব্যবস্থাপনা ইত্যাদি ক্ষেত্রে কোম্পানী বিভিন্ন দক্ষতা উন্নয়ন

## Employee Capacity Development Initiatives of SMC and SMC EL

SMC is always committed to encourage continuous professional development with the aim of ensuring a highly skilled and qualified workforce. The company has been continuously investing in enhancing its employees' skills and competencies through various capacity-building initiatives in areas such as strategic thinking, innovation, operational

কর্মসূচি গ্রহণের মাধ্যমে কর্মীদের সক্ষমতা এবং যোগ্যতা বৃদ্ধির জন্য নিরবচ্ছিন্নভাবে বিনিয়োগ করে চলেছে।

সম্প্রতি, এসএমসি এবং এসএমসি ইএল-এর মানবসম্পদ বিভাগ বিভিন্ন কার্যকর প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করেছে যা কর্মীদের পেশাগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা করছে। এই উদ্যোগগুলি কর্মীদের কৌশলগত সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করেছে যা কোম্পানীর চলমান সাফল্য এবং সামগ্রিক প্রবৃদ্ধিতে ব্যাপক অবদান রাখছে।

### ফার্মাসিউটিক্যাল বিক্রয় দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ

এসএমসি ২০২৪ সালের সেপ্টেম্বর মাসের ৬-৭ তারিখে গাজীপুরের ছুটি রিসোর্টে "ফার্মাসিউটিক্যাল বিক্রয় দক্ষতা" শীর্ষক আড়াই দিনের একটি প্রশিক্ষণ অধিবেশন পরিচালনা করে। মোট ৩১ জন প্রোগ্রাম অফিসার প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের মূল লক্ষ্য ছিল অংশগ্রহণকারীদের ওষুধ বিক্রয় কৌশল এবং দক্ষতার সাথে ডাক্তারের পরামর্শ ও প্রেসক্রিপশন সম্পর্কে গ্রাহকদের অবহিত করা। প্রশিক্ষণ সেশনটি পরিচালনা করেন খ্যাতনামা প্রশিক্ষক এবং পরামর্শক জনাব ইউসুফ ইফতি যিনি ফিউচার আইকন-এর সিইও এবং লিড ট্রেইনার।

### কৌশলগত চিন্তাভাবনা ও উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ

এসএমসি ইএল ২০২৪ সালের সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে ব্যবস্থাপনা পর্যায়ের কর্মীদের জন্য "কৌশলগত চিন্তাভাবনা এবং উদ্ভাবন" শীর্ষক একটি দিনব্যাপী প্রশিক্ষণ অধিবেশনের আয়োজন করে। এই প্রশিক্ষণের উদ্দেশ্য ছিল ব্যবস্থাপনা কর্মীদের উদ্ভাবনী চিন্তার দক্ষতা বৃদ্ধি করা এবং কৌশলগত সিদ্ধান্ত গ্রহণ ও পরিকল্পনা প্রনয়ণ এবং বাস্তবায়ন সম্পর্কিত পদক্ষেপসমূহের বিকাশ সাধন করা। বিভিন্ন বিভাগ থেকে মোট ৩০ জন অংশগ্রহণকারী প্রশিক্ষণে উপস্থিত ছিলেন এবং ব্যবসায়িক কৌশল ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে মূল্যবান ধারণা অর্জন করেন। অধিবেশনটিতে কীভাবে উদ্ভাবনকে এগিয়ে নিতে হয় এবং এসএমসি'র কৌশলগত প্রবৃদ্ধিতে অর্থপূর্ণ অবদান রাখতে হয় সে সম্পর্কে একটি বাস্তবিক ধারণা প্রদান করা হয়।

excellence, good governance, marketing and sales strategies, and effective management, etc.

Recently, the Human Resource Department of both SMC and SMC EL have implemented several impactful training programs to strengthen employees' skills and competences. These initiatives have significantly enhanced employees' capacity to make strategic decisions, contributing to the company's ongoing success and overall growth.

### The Art of Efficient Pharmaceutical Sales

SMC conducted a two-and-a-half-day training session on "The Art of Efficient Pharmaceutical Sales" at Chuti Resort, Gazipur from September 6-7, 2024. A total of 31 Program Officers participated in the training. The session aimed to enhance participants' understanding of pharmaceutical sales techniques and effective doctor detailing strategies. Renowned trainer and consultant Mr. Yousuf Efti, CEO and Lead Trainer at Future Icon facilitated the training session.

### Strategic Thinking and Innovation

SMC EL organized a day-long training session titled "The Strategic Thinking & Innovation" for management-level employees on September 17, 2024. The aim of this training was to enhance the innovative thinking capabilities of management staff and develop effective approaches involved in strategic decision-making and implementation plan. A total of 30 participants from various divisions attended the training and gained valuable insights into business strategy and effective decision-making processes. The session provided a practical understanding of how to drive innovation and contribute meaningfully to the strategic growth of SMC.

## প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ

২০২৪ সালের সেপ্টেম্বর মাসের ১৮ তারিখে এসএমসি'র প্রধান কার্যালয়ে গ্রেডেড এবং ব্যবস্থাপনা কর্মীদের নিয়ে একটি 'প্রাথমিক চিকিৎসা' বিষয়ক প্রশিক্ষণ অধিবেশন অনুষ্ঠিত হয় যাতে কর্মীগণ জরুরি পরিস্থিতিতে কার্যকরভাবে প্রাথমিক চিকিৎসা সেবা প্রদান করার দক্ষতা অর্জন করতে পারে। এই প্রশিক্ষণে জরুরি পরিস্থিতি যেমন দম বন্ধ হয়ে যাওয়া, পুড়ে যাওয়া এবং তার সঠিক ব্যবস্থাপনা, রক্তক্ষরণ নিয়ন্ত্রণ, রক্তচাপ এবং রক্তে শর্করার মাত্রা পর্যবেক্ষণ সহ মৌলিক প্রাথমিক চিকিৎসা সেবা বিষয়গুলি সম্পর্কে বিস্তারিতভাবে শেখানো হয়। এসএমসি ক্লিনিকের জেনারেল প্র্যাকটিশনার এবং সোনোলজিস্ট ডাঃ জিন্নাতুন নেসা সেশনটি পরিচালনা করেন এবং সকল অংশগ্রহণকারীদের জন্য একটি বিস্তৃত এবং ব্যবহারিক শিক্ষার অভিজ্ঞতা নিশ্চিত করেন।

## First Aid Training

A First Aid Training session was held on September 18, 2024 at the Head Office for graded and management staff to enhance their ability to respond effectively in medical emergencies. The training covered essential first aid concepts by equipping participants with the knowledge and skills to handle emergencies such as choking, burns and their management, bleeding control, and monitoring blood pressure and blood sugar levels. Dr. Jinnatun Nesa, General Practitioner and Sonologist at SMC Clinic facilitated the session by ensuring a comprehensive and practical learning experience for all attendees.

## পেশাগত লেখালেখির দক্ষতা বৃদ্ধির কর্মশালা

পপুলেশন সার্ভিসেস ইন্টারন্যাশনাল (পিএসআই) ২০২৪ সালের সেপ্টেম্বর মাসের ২৬-৩০ তারিখ পর্যন্ত এসএমসি'র প্রধান কার্যালয়ে চার দিনের "স্টোরিটেলিং এবং টেকনিক্যাল রাইটিং"-এর উপর একটি কর্মশালার আয়োজন করে। এই কর্মশালাটি ব্যবস্থাপনা পর্যায়ের কর্মীদের যোগাযোগ দক্ষতা উন্নত করার জন্য ডিজাইন করা হয়েছিল এবং জনস্বাস্থ্য বার্তা প্রেরণ, পেশাগত লেখার উন্নয়ন এবং প্রোগ্রামের কার্যকর প্রভাব তুলে ধরার জন্য উদ্ভাবনী গল্প তৈরির উপর গুরুত্ব দেওয়া হয়। কর্মশালায় অংশগ্রহণকারীরা উপযোগী ও ফলপ্রসু বার্তা তৈরির কৌশল সম্পর্কে মূল্যবান ধারণা অর্জন করেন। যেখানে ক্ষতিকর তথ্য এবং ভুল উপস্থাপনা এড়ানোর কৌশল শেখানো হয়েছিল। এছাড়াও, অধিবেশনে কপিরাইট শনাক্তকরণ, উদ্ধৃতির ধরণ এবং স্পষ্ট ও নির্ভুল লেখার জন্য কার্যকর সম্পাদনা কৌশল নিয়ে আলোচনা করা হয়। টেকনিক্যাল রাইটিং অংশে বিভিন্ন ধরনের প্রকাশনা, লেখকের দায়িত্ব, গবেষণার সঠিক ব্যবহার ও পরিকল্পনা এবং কার্যকর প্রকাশনা কৌশল নিয়ে দিকনির্দেশনা প্রদান করা হয়। কর্মশালাটি সুস্পষ্ট ও নির্ভরযোগ্য বৈজ্ঞানিক লেখার উপর গুরুত্ব দেয় যেখানে যথাযথ কাঠামো, সঠিক উদ্ধৃতি এবং তথ্যচিত্র ব্যবহারের কার্যকর কৌশল শেখানো হয়। মোট ২৮ জন কর্মশালায় অংশগ্রহণ করেন। পিএসআই-এর বহিরাগত যোগাযোগ পরিচালক মিস নাদিয়া আফরিন এবং পিএসআই-এর কৌশলগত গবেষণার সিনিয়র টেকনিক্যাল উপদেষ্টা মিস ক্রিস্টেন লিটল প্রশিক্ষণ অধিবেশনটি পরিচালনা করেন।

## Storytelling and Technical Writing Workshop

Population Services International (PSI) conducted a four-day "Storytelling and Technical Writing Workshop" at the SMC Head Office from September 26-30, 2024. The workshop designed to enhance the communication skills of management staff and focused on strengthening public health messaging, improving technical writing and developing stories for highlighting the program impact. Participants gained insights into crafting compelling messages while avoiding harmful stereotypes and misrepresentations. The workshop also covered plagiarism detection, citation styles, and effective editing techniques for clear and precise writing. The technical writing segment provided guidance on different types of technical publications, authorship responsibilities, research utilization plans, and effective dissemination strategies. The workshop focused on clear, credible scientific writing, emphasizing well-structured content, proper citations, and effective use of figures and tables. A total of 28 participants attended the workshop. Ms. Nadia Afrin, Director, External Communications, PSI and Ms. Kristen Little, Senior Technical Advisor, Strategic Research, PSI facilitated the training session.

### সাক্ষাৎকার বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ

এসএমসি ইএল ২০২৪ সালের অক্টোবর মাসের ৩ তারিখে প্রধান কার্যালয়ে বিভিন্ন বিভাগের ৩০ জন ব্যবস্থাপনা কর্মীদের নিয়ে একটি “সাক্ষাৎকার দক্ষতা” শীর্ষক প্রশিক্ষণ অধিবেশনের আয়োজন করে। এই প্রশিক্ষণের লক্ষ্য ছিল যোগ্য ও উপযুক্ত প্রার্থী সনাক্তকরণ ও নির্বাচন করা বিষয়ে অংশগ্রহণকারীদের দক্ষতা বৃদ্ধি করা। অধিবেশনে কার্যকর সাক্ষাৎকার কৌশল সম্পর্কে অবহিত করা হয় যার মধ্যে ছিল দক্ষতা-ভিত্তিক এবং STAR (পরিস্থিতি, কার্য, কর্ম, ফলাফল) পদ্ধতি অন্তর্ভুক্ত ছিল যা কাঠামোগত এবং নিরপেক্ষ নিয়োগ প্রক্রিয়া নিশ্চিত করতে সহায়তা করে।

### Interviewing Skill Training

SMC EL organized an “Interviewing Skill Training” session for 30 management staff from various divisions at the Head Office on October 3, 2024. The training aimed to enhance the ability of participants to identify and select the best-fit candidates for different roles. It focused on effective interview techniques including competency-based and STAR (Situation, Task, Action, Result) methods to ensure a structured and objective hiring process.

### “ট্রাফিক বিধিনিষেধ ও যানবাহন নিরাপত্তা” বিষয়ক প্রশিক্ষণ

এসএমসি ২০২৪ সালের ডিসেম্বর মাসের ২ তারিখে চালকদের জন্য “ট্রাফিক বিধিনিষেধ ও যানবাহন নিরাপত্তা” বিষয়ক একদিনের প্রশিক্ষণ অধিবেশনের আয়োজন করে। প্রশিক্ষণে ট্রাফিক বিধিনিষেধ, যানবাহন রক্ষণাবেক্ষণ, সড়ক নিরাপত্তা এবং পেশাগত যোগাযোগ দক্ষতা নিয়ে আলোচনা করা হয়, যা চালকদের কর্মদক্ষতা উন্নত করতে সহায়তা করবে। এছাড়াও, প্রশিক্ষণে প্রতিরক্ষামূলক ড্রাইভিং পদ্ধতির প্রচার, ট্রাফিক আইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) প্রদত্ত সেবা সম্পর্কিত জ্ঞান, যানবাহন পরিচালনার দক্ষতা উন্নয়ন, দায়িত্বশীল ও সঠিক ড্রাইভিং অভ্যাস গড়ে তোলা এবং সাশ্রয়ী ড্রাইভিং কৌশল শেখানোর উপরে গুরুত্বারোপ করা হয়। প্রশিক্ষণটি পরিচালনা করেন জনাব মোঃ ফারুক আহমেদ, উপ-পরিচালক (প্রকৌশল), বিআরটিএ।

### Training on “Traffic Regulations and Vehicle Safety”

SMC organized a one-day training on “Traffic Regulations and Vehicle Safety” for drivers on December 2, 2024. The session focused on key areas such as Traffic Regulations, Vehicle Maintenance, Road Safety, and Professional Communication for better performance. The training also highlighted the importance of Promoting Defensive Driving, Understanding Traffic Laws, Services Provided by the Bangladesh Road Transport Authority (BRTA), Improving Vehicle Operation, Developing Responsible Driving Habits and Economical Driving. The training session was conducted by Md. Faruque Ahmed, Deputy Director (Engineering), BRTA.

### ব্যবস্থাপনা কর্মীদের জন্য ইমোশনাল ইন্টেলিজেন্স বিষয়ক প্রশিক্ষণ

এসএমসি ২০২৪ সালের ২৪ অক্টোবর মাসের ২৪ তারিখে ব্যবস্থাপনা কর্মীদের জন্য “লেভেল আপ ইয়োর ইমোশনাল ইন্টেলিজেন্স” শিরোনামে একদিনের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে। ইমোশনাল ইন্টেলিজেন্স বা মানসিক বুদ্ধিমত্তার বিকাশ ব্যক্তিগত ও পেশাগত জীবনে সফলতা অর্জন, পারস্পরিক সম্পর্ক দৃঢ় করা এবং কর্মক্ষেত্রে সঠিক সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রশিক্ষণের উদ্দেশ্য ছিল অংশগ্রহণকারীদের চ্যালেঞ্জিং পরিস্থিতিতে তাদের আবেগকে দক্ষভাবে নিয়ন্ত্রণ করার বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। প্রশিক্ষণ সেশনটি পরিচালনা করেন বিজনেস স্কুলের খ্যাতনামা অধ্যাপক ও সার্টিফায়েড ইমোশনাল ইন্টেলিজেন্স লাইফ কোচ জনাব এস.এম. আরিফুজ্জামান।

### Training on Emotional Intelligence for Management Employees

SMC organized a one-day training session titled “Level UP Your Emotional Intelligence” on October 24, 2024 for its Management employees. Emotional intelligence plays a vital role in strengthening relationships, achieving workplace success and reaching both career and personal goals. The training aimed to equip participants with essential skills to manage their emotions effectively in challenging situations. Renowned Professor of Business School, Mr. S.M. Arifuzzaman, a Certified Emotional Intelligence Life Coach, conducted the training session. The participants gained valuable insights on enhancing effective decision-making,

অংশগ্রহণকারীগণ সঠিক সিদ্ধান্ত গ্রহণ, সমালোচনা ও মতামতকে ইতিবাচকভাবে গ্রহণ করার কৌশল, দ্বন্দ্ব নিরসন ও যোগাযোগ দক্ষতার উন্নয়ন এবং সামগ্রিক উৎপাদনশীলতা বৃদ্ধির বিষয়ে মূল্যবান ধারণা লাভ করেন।

## নেতৃত্ব বিকাশে দল ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ

এসএমসি ইএল ২০২৪ সালের ডিসেম্বর মাসের ৬-৭ তারিখে ঢাকার প্রধান কার্যালয়ে একটি দল ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ সেশনের আয়োজন করে। প্রশিক্ষণে ফার্মা বিভাগের ৩৩ জন এরিয়া সেলস ম্যানেজার অংশগ্রহণ করেন। এই প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল এরিয়া ম্যানেজারদের নেতৃত্ব ও দল ব্যবস্থাপনার দক্ষতা উন্নয়ন। যাতে আগামীতে তারা আরও ভালো ফলাফল অর্জন করতে পারেন। প্রশিক্ষণ চলাকালীন, অংশগ্রহণকারীগণ নেতৃত্ব ও তত্ত্বাবধান দক্ষতা, দ্বন্দ্ব নিরসনের কৌশল, কার্যকর যোগাযোগ দক্ষতা, সমস্যার সঠিক সমাধান ও কার্যকর সিদ্ধান্ত গ্রহণের কৌশল বিষয়ে মূল্যবান জ্ঞান ও দক্ষতা অর্জন করেন। এই বিস্তৃত প্রশিক্ষণ কর্মসূচি এরিয়া ম্যানেজারদের তাদের দল আরও দক্ষতার সাথে পরিচালনা করতে এবং ভবিষ্যতে আরও সফলতা অর্জন করতে সহায়তা করবে।

## ফার্মা বিক্রয় দক্ষতা বৃদ্ধির উপর পেশাদার প্রশিক্ষণ

"ফার্মা বিক্রয় দক্ষতা বৃদ্ধি" বিষয়ক প্রশিক্ষণ দুটি পৃথক সেশনে ২০২৪ সালের অক্টোবর মাসের ১৮-১৯ এবং নভেম্বর মাসের ২২-২৩ তারিখে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে মোট ৬০ জন মেডিকেল ইনফরমেশন অফিসার (এমআইও) ও সিনিয়র এমআইও অংশগ্রহণ করেন। এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্দেশ্য ছিল উচ্চ দক্ষতাসম্পন্ন ও সম্ভাবনাময় এমআইও-দের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা যাতে তারা ফার্মা ব্যবসার বিক্রয় বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখতে পারেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ ইউনিক সেলিং প্রপোজিশন (ইউএসপি) সনাক্তকরণ, ইমোশনাল ইন্টেলিজেন্স বা বুদ্ধিমত্তার বিকাশ, মূল অংশীদারদের সঙ্গে দৃঢ় সম্পর্ক গড়ে তোলা বিষয়ে জ্ঞান অর্জন করেন। অধিবেশনে কার্যকর আলোচনার কৌশল, লক্ষ্য নির্ধারণ এবং বিক্রয় তথ্য বিশ্লেষণ করে সুচিন্তিত সিদ্ধান্ত গ্রহণ ইত্যাদি বিষয়গুলি নিয়েও আলোচনা করা হয়। এই প্রশিক্ষণ অংশগ্রহণকারীদের বিক্রয় কৌশলগুলোকে কোম্পানির লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ করতে সহায়তা করেছে যাতে তাদের সামগ্রিক উন্নয়ন সাধন হয়।

responding positively to criticism and feedback, improving conflict resolution and communication skills, and boosting overall productivity.

## Team Management Training for Better Leadership

SMC Enterprise Ltd conducted a Team Management Training session on December 6-7, 2024 at the Head Office in Dhaka. A total of 33 Area Sales Managers from the Pharma division participated in the session. The training was designed to enhance leadership and team management skills of Area Managers for achieving better results. Throughout the sessions, participants gained valuable insights on leadership and supervisory skills, conflict resolution, effective communication, problem-solving, and effective decision-making. This comprehensive training equipped the Area Managers with the necessary tools to lead their teams more effectively and achieve more success in the future.

## Professional Training on Advanced Pharma Selling Skills

The Advanced Pharma Selling Skills Training was held in two sessions on October 18-19 and November 22-23, 2024. A total of 60 Medical Information Officers (MIO) / Sr. MIOs participated in the training sessions. This program was designed to enhance the skills and knowledge of high-performing individuals and potential MIOs aiming to boost the sales growth of the pharma business. During the sessions, participants learned to identify Unique Selling Propositions (USPs), understand emotional intelligence, and build strong relationships with key stakeholders. The training also covered negotiation strategies skills, goal-setting, and analyzing sales data to make informed decisions. This training helped attendees aligning their sales strategies with the company goal to improve their overall performances.

**Chief Patron:** Toslim Uddin Khan, Managing Director & CEO
**Editorial Panel:** Md. Moshiur Rahman, General Manager, Field Implementation; Ms. Husne Ara, Deputy Manager, Corporate Communication;
**Layout:** Md. Ashfaqul Islam, Assistant Manager, Creative Design, PM & BCC.
**Published by:** Corporate Communication Department; **Acknowledgements:** All departments of SMC & SMC EL.
**Address:** SMC Tower, 33 Banani C/A, Road – 17, Dhaka – 1213, Bangladesh; **Telephone:** +88 02 22225073-80, +88 02 222250585-92, **Website:** www.smc-bd.org